সন্তান লালন-পালনে পিতা-মাতার করণীয়

[বাংলা – Bengali – بنغالي]

আলী হাসান তৈয়ব

সম্পাদনা : ড. মো : আব্দুল কাদের

2011-1432

IslamHouse.com

من مهام الوالدين في تربية الأولاد

« باللغة البنغالية »

علي حسن طيب

مراجعة: محمد عبد القادر

2011 - 1432

IslamHouse.com

[illegible]

[illegible]

«كُلُّكُمْ رَاعٍ وَكُلُّكُمْ مَسْؤُولٌ عَنْ رَعِيَّتِهِ. الإِمَامُ رَاعٍ وَمَسْؤُولٌ عَنْ رَعِيَّتِهِ, وَالرَّجُلُ رَاعٍ فِي أَهْلِهِ وَهُوَ مَسْؤُولٌ عَنْ رَعِيَّتِهِ, وَالْمَرْأَةُ رَاعِيَةٌ فِي بَيْتِ زَوْجِهَا وَمَسْؤُولَةٌ عَنْ رَعِيَّتِهَا وَالْخَادِمُ رَاعٍ فِي مَالِ سَيِّدِهِ وَمَسْؤُولٌ عَنْ رَعِيَّتِهِ وَكُلُّكُمْ رَاعٍ وَمَسْؤُولٌ عَنْ رَعِيَّتِهِ».

‘[illegible]

হবে তার দায়িত্ব সম্পর্কে। ভৃত্যও একজন দায়িত্বশীল, সে জিজ্ঞাসিত হবে তার মুনিবের সম্পদ সম্পর্কে। (এককথায়) তোমরা সবাই দায়িত্বশীল আর সবাই জিজ্ঞাসিত হবে সে দায়িত্ব সম্পর্কে।’ [সহীহ বুখারী: ৭১৩৮; তিরমিযী: ১৭০৫]

অনেক পিতা-মাতাই হয়তো বলবেন, কে বলেছে আমরা নিজ সন্তানের ব্যাপারে দায়িত্ববান নই, ছেলে- মেয়েদের প্রতি নিজ কর্তব্য সম্পর্কে সজাগ ও সতর্ক নই? উত্তরে বলা হবে, আমরা বেখবর নই বটে। তবে যথাযথ দায়িত্ববান নই আমরা। আরও বাস্তব কথা হলো, আমরা নিজ দায়িত্ব সম্পর্কে পূর্ণ ওয়াকিফহাল নই। কেউ হয়তো প্রিয় এই সন্তানদের স্রষ্টা আল্লাহর হুকুম মতো জীবন পরিচালনাই করি না আর যারা করি, তারা সংশ্লিষ্ট বিষয়ে করণীয় সম্পর্কে অবগতই নই। তাই দেখা যায়, আমরা শুধু সন্তানের দৈহিক চাহিদার তত্ত্বাবধান করি। তার আত্মিক চাহিদার প্রতি কোনো ভ্রুক্ষেপ করি না। অথচ এর গুরুত্ব প্রথমোক্তটির চেয়ে বেশি বৈ কম নয়। দৈহিক চাহিদাকে পরিতৃপ্তি দিতে পারে কেবল আত্মা। পক্ষান্তরে দৈহিক চাহিদার অপূর্ণতা সত্ত্বেও আত্মা পারে সুখী হতে। ইসলাম তাই শিশুর উভয় চাহিদার প্রতি গুরুত্ব দিয়েছে। পিতা-মাতাকে উভয় দিক তত্ত্বাবধান করতে নির্দেশ ও নির্দেশনা দিয়েছে। সন্তানকে আত্মিকভাবে ঋব্ধ

ও ঐশ্বর্যমণ্ডিত করার ইঙ্গিত পাই আমরা আল্লাহ তা‘আলা নির্দেশে। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে ,

﴿يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ قُوٓاْ أَنفُسَكُمۡ وَأَهۡلِيكُمۡ نَارٗا وَقُودُهَا ٱلنَّاسُ وَٱلۡحِجَارَةُ﴾ [التحريم : 6]

‘হে ঈমানদারগণ , তোমরা নিজেদেরকে এবং তোমাদের পরিবার -পরিজনকে আগুন হতে বাঁচাও , যার জ্বালানি হবে মানুষ ও পাথর। ’ {সূরা আত-তাহরীম , আয়াত : ০৬}

এ আয়াতের ব্যাখ্যায় আলী রা তা ’আলা আনহু বলেন, ‘অর্থাৎ , তাদেরকে আদব শিক্ষা দাও এবং ইলম শেখাও। ’ [তাফসীর ইবন কাসীর , উল্লেখিত আয়াতের ব্যাখ্যা দ্রষ্টব্য]

এদিকে বৈষয়িক শিক্ষার সঙ্গে সঙ্গে ধর্মীয় তথা নৈতিক শিক্ষাদানের প্রতি গুরুত্ব আরোপ করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«مُرُوا أَوْلاَدَكُمْ بِالصَّلاَةِ وَهُمْ أَبْنَاءُ سَبْعِ سِنِينَ وَاضْرِبُوهُمْ عَلَيْهَا وَهُمْ أَبْنَاءُ عَشْرِ سِنِينَ وَفَرِّقُوا بَيْنَهُمْ فِى الْمَضَاجِعِ».

‘তোমাদের সন্তানদের সাত বছর হলে তাদের সালাতের নির্দেশ দাও , তাদের বয়স দশ বছর হলে এ জন্য তাদের প্রহার করো এবং তাদের পরস্পরে বিছানা পৃথক করে দাও। ’ [আবূ দাউদ : ৪৯৫; মুসনাদ আহমদ : ৬৬৮৯]

5

[illegible]

اعلم أن الطريق في رياضة الصبيان من أهم الأمور وأوكدها، والصبي أمانة عند والديه، وقلبه الطاهر جــوهرة نفيسة خالية عن كل نقش وصـورة، وهو قابل لكل مـانقش ومائل إلى كل مايمال إليه، فإن عوِد الخير وعلمه نشأ عليه وسعد في الدنيا والآخرة، وشـاركه في ثوابه أبـوه وكل معلمٍ له ومـؤدب، وإن عوِد الشر وأهمل إهمال البهائم شقى وهلكَ وكـان الـوزر في رقبة القيِم عليه والوالي له،..

[illegible]

শিখবে। পূর্বসুরী বুযুর্গ ও মনীষীদের শিক্ষণীয় ঘটনাবলী ও জীবনালেখ্য সম্পর্কে জানবে। এতে করে তার কচি মনে নেককার ও মনীষীদের প্রতি ভক্তি ও শ্রদ্ধা জন্ম নেবে।

শিশুর কোনো সুন্দর আচরণ বা প্রশংসনীয় কাজ চোখে পড়লে, তার প্রশংসা করতে হবে। তাকে খুশি করার মতো কিছু পুরস্কার দিতে হবে। মানুষের সামনে করতে হবে তার প্রশংসা। এর ব্যত্যয় ঘটিয়ে যখন সে কিছু করবে যখন প্রথমবারের মতো, তখন তা উপেক্ষা করতে হবে। গোপন রাখতে হবে; অন্যের সামনে প্রকাশ করা যাবে না। বিশেষত বাচ্চাটিই যখন চাইবে সেটিকে গোপন রাখতে। অন্যের কাছ থেকে আড়াল করতে। যদি দ্বিতীয়বার এ কাজের পুনরাবৃত্তি করে, তবে তাকে গোপনেই শাসাতে হবে। বলে দিতে হবে, এমন কাজ তুমি দ্বিতীয়বার করা থেকে বিরত থাকবে। অন্যথায় মানুষের সামনে তোমাকে লজ্জা দেয়া হবে।

তাকে শাসন করার সময় কখনো অতিরিক্ত শব্দ ব্যবহার করা যাবে না। এতে করে তার পক্ষে ভর্ৎসনা ও তিরস্কার শোনা এবং মন্দ বিশেষণ হজম করা সহনীয় হয়ে উঠবে। তার অন্তরে কথার প্রভাব হ্রাস পাবে। তার হৃদয়ে কথার প্রভাব যে কোনো মূল্যে বজায় রাখতে হবে। তাকে কেবল মাঝেমধ্যেই ভর্ৎসনা করা যাবে। মা তাকে বাবার ভয় দেখাবেন। মন্দ কাজ থেকে ধমকাবেন।

বাচ্চাকে দিনের কিছু সময় হাঁটা-চলা ও খেলাধূলায় অভ্যস্ত করবেন। তাকে যাতে অলসতা না পেয়ে বসে। বাবা-মা’র কিছু নিয়ে তাকে সঙ্গী- সাথী বা বন্ধু-বান্ধবের সামনে বড়াই করতে নিষেধ করবেন। তাকে বরং বিনয়, ওঠাবসার সাথীদের সম্মান এবং তাদের সঙ্গে কথাবার্তায় কোমলতার স্বভাবে গড়ে তুলবেন। তাকে শেখাবেন- ত্যাগেই সম্মান; গ্রহণে নয়। মানুষের জিনিস নেয়া নিন্দনীয়। তা এমনকি নিচুতা ও হীনতার পরিচায়ক। যদি গরিব ঘরের সন্তান হয় তবে তাকে শেখাতে হবে পরের জিনিস নেয়া এবং পরের সম্পদে লোভ করা অবমাননা ও লাঞ্ছনাকর। শুনতে খারাপ লাগলেও তা মূলত সারমেয় স্বভাব। কুকুরের স্বভাব, মাত্র একটি লোকমার অপেক্ষায় পর দুয়ারে সে জিহ্বা নাড়াতে থাকে।

তাকে অভ্যস্ত করাবেন যাতে সে সবার সামনে থুথু না ফেলে। অন্যদের উপস্থিতিতে হাই না তোলে। অন্যদের দিকে পিঠ দিয়ে না বসে। কারো পায়ের ওপর নিজের পা না রাখে। থুতির নিচে হাতের তালু না রাখে এবং কাঁধে হেলান দিয়ে মাথা না রাখে। কারণ, তা অলসতার আলামত। তাকে সভার আদব শিক্ষা দেবেন। বেশি কথা বলা থেকে বারণ করবেন। এটি যে এক ধরনের বেয়াদবী, তাও তাকে বুঝিয়ে বলতে হবে। কথা সত্য হোক বা মিথ্যা, তা নিয়ে তাকে মাথা ছুয়ে কসম করতে নিষেধ করবেন। যাতে শৈশব থেকেই তার এ বদ অভ্যাস গড়ে না ওঠে।

শিশুকে আরও নিষেধ করবেন বড়দের সামনে কথার সূচনা করতে। অভ্যস্ত করবেন সে যেন তাদের প্রশ্নের শুধু জবাব দেয়। যতটুকু জিজ্ঞেস করা হয় কেবল ততটুকু বলে। তাঁরা কথা বললে মনোযোগসহ শোনে। বড় কেউ এলে তার সম্মানে উঠে জায়গা খালি করে দেয়। তাদের সামনে যেন না বসে। তাকে আরও বিরত রাখবেন বাজে কথা ও অশ্লীল বাক্যোচ্চারণ থেকে। অন্যকে গালমন্দ করা ও অভিশাপ দেয়া থেকে। যার মুখ থেকে হরদম গালি উচ্চারিত হয়, তার সঙ্গ ত্যাগ করতে বলবেন। কারণ, তা খারাপ সঙ্গীদের থেকে তার মাঝে না ঢুকে পারে না। বাচ্চাদের আদব-কায়দাওয়ালা ও শিষ্ট-ভদ্র বানানোর প্রধান উপায়ই হলো তাকে কুসঙ্গ থেকে দূরে রাখা।

তাকে পিতামাতা, শিক্ষক, গুরুজন এবং আত্মীয়-অনাত্মীয়, চেনা-অচেনা সব মুরুব্বীকে মান্য করার আদব শেখাবেন। যখন সে ভালো-মন্দ বোঝার বয়সে উপনীত হবে, তার নামাত তরকের অপরাধ ক্ষমা করবেন না। রমযান মাসে যে কয়দিন পারে সাওম পালন করতে নির্দেশ দেবেন। বলাবাহুল্য, পরিচর্যা যা করার প্রতিটি জিনিসের প্রাথমিক পর্যায়েই তা করতে হয়।

শিশুকে মূলত ভালো-মন্দ উভয় চরিত্রের মিশ্রণে সৃষ্টি করা হয়েছে। তার পিতামাতাই তাকে ভালো- মন্দের যে কোনোটির দিকে ধাবিত করেন। আবূ হুরায়রা

তা ’আলা আনহু থেকে বর্ণিত , রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন ,

«كُلُّ مَوْلُودٍ يُولَدُ عَلَى الْفِطْرَةِ فَـأَبَوَاهُ يُهَوِّدَانِـهِ ، أَوْ يُنَصِّـرَانِهِ ، أَوْ يُمَجِّسَانِه ».

‘প্রতিটি শিশু (ইসলাম) ফিতরাতের ওপর জন্মগ্রহণ করে। তার পিতামাতাই তাকে ইহুদী বানায় , খ্রিস্টান বানায় অথবা অগ্নিপূজক বানায়। ’
[সহীহ বুখারী : ১২৯২; ইবন হিব্বান : ১২৯; বাইহাকী : ১১৯১৮]

অতএব আল্লাহর এ আমানত সম্পর্কে আমাদের সজাগ ও আরও বেশি দায়িত্ববান হতে হবে। সন্তানদের বাহ্যিক প্রয়োজন পূরণের সঙ্গে সঙ্গে আত্মিক খোরাকের প্রতিও নজর রাখতে হবে। আল্লাহ তা ‘আলা আমাদের সবাইকে তার নির্দেশ মতো সন্তান মানুষ করার তাওফীক দান করুন।

﴿رَبَّنَا هَبۡ لَنَا مِنۡ أَزۡوَٰجِنَا وَذُرِّيَّٰتِنَا قُرَّةَ أَعۡيُنٖ وَٱجۡعَلۡنَا لِلۡمُتَّقِينَ إِمَامًا﴾ [الفرقان : 74]

‘হে আমাদের রব , আপনি আমাদেরকে এমন স্ত্রী ও সন্তানাদি দান করুন যারা আমাদের চক্ষু শীতল করবে। আর আপনি আমাদেরকে মুত্তাকীদের নেতা বানিয়ে দিন ’। {সূরা আল -ফুরকান , আয়াত : ৭৪} আমীন।

11